




জাপানি বিনিয়োগ বাড়াতে টোকিও যাচ্ছেন প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

বাংলাদেশে জাপানি বিনিয়োগ বাড়ানো, বাণিজ্য সম্প্রসারণ ও উন্নয়ন সহযোগিতা জোরদার করতে আগামী ২৬ থেকে ২৯ অক্টোবর জাপান সফর করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। জাপানের প্রধানমন্ত্রী সানায়ে তাকাইচির আমন্ত্রণে এ সফর করবেন তিনি।

সফরের দ্বিতীয় দিন ২৭ অক্টোবর টোকিওতে দুই দেশের প্রধানমন্ত্রীর দ্বিপক্ষীয় বৈঠক হবে। এতে বিনিয়োগ, অবকাঠামো উন্নয়ন, কর্মসংস্থান ও মানবসম্পদ উন্নয়নে সহযোগিতার বিষয়গুলো গুরুত্ব পাবে।

ঢাকায় জাপান দূতাবাসের অর্থনৈতিক বিভাগ জানিয়েছে, এ সফরে দুই দেশের কৌশলগত অংশীদারত্ব আরও জোরদার এবং বাংলাদেশে বিনিয়োগের পরিবেশ উন্নয়নের বিষয়ে আলোচনা হবে। জাপান বাংলাদেশের উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে সহযোগিতা বাড়াতেও আগ্রহী।

সফরকালে প্রধানমন্ত্রী জাপান-বাংলাদেশ অর্থনৈতিক ফোরামে বক্তব্য দেবেন এবং দেশটির ব্যবসায়ী নেতাদের সঙ্গে বৈঠক করবেন। এ ছাড়া জাইকা, জেট্রো ও জাপান ব্যাংক ফর ইন্টারন্যাশনাল কো-অপারেশনের প্রতিনিধিদের সঙ্গে তাঁর বৈঠকের পরিকল্পনা রয়েছে।

সফরে বাংলাদেশ-জাপান অর্থনৈতিক অংশীদারত্ব চুক্তি বাস্তবায়ন, জাপানের বাজারে বাংলাদেশি পণ্যের প্রবেশাধিকার বাড়ানো এবং চলমান উন্নয়ন প্রকল্পের কাজ এগিয়ে নেওয়ার বিষয়েও আলোচনা হওয়ার কথা রয়েছে। কৃষি, মৎস্য, বাণিজ্য, দক্ষতা উন্নয়ন ও পরিবেশসহ বিভিন্ন খাতে সমঝোতা স্মারক সই বা সহযোগিতার ঘোষণা আসতে পারে।

অর্থনৈতিক বিষয়গুলোর পাশাপাশি রোহিঙ্গা সংকট, আঞ্চলিক নিরাপত্তা ও জ্বালানি সংকট মোকাবিলায় সহযোগিতা নিয়েও আলোচনা হতে পারে।